

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬৩

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৬. উটের যাকাত

بَاب زَكَاةِ الْإِبِلِ

আরবী

أَخْبُرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّتَنَا عَبَّادُ بْنُ الْعَوَّامِ وَإِبْرَاهِيمُ بْنُ صَدَقَةَ عَنْ سُفْيَانَ بْنِ حُسَيْنٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ ابْنِ عُمْرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قُبِضَ الصَّدَقَةَ فَلَمْ تُخْرَجْ إِلَى عُمَّالِهِ حَتَّى قُبِضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قُبِضَ أَبُو بَكْرٍ أَخَذَهَا عُمَرُ فَعَمِلَ بِهَا مِنْ بَعْدِهِ فَلَمَّا قُبِضَ أَبُو بَكْرٍ أَخَذَهَا عُمَرُ فَعَمِلَ بِهَا مِنْ بَعْدِهِمَا وَلَقَدْ قُتِلَ عُمَرُ وَإِنَّهَا لَمَقْرُونَةٌ بِسَيْفِهِ أَوْ بوصِيَّتِهِ وَكَانَ فِي صَدَقَةِ الْإِبلِ فِي كُلِّ خَمْسٍ وَلَقَدْ قُتِلَ عُمْنُ وَإِنَّهَا لَمَقْرُونَةٌ بِسَيْفِهِ أَوْ بوصِيَّتِهِ وَكَانَ فِي صَدَقَةِ الْإِبلِ فِي كُلِّ خَمْسٍ مَاءٌ إِلَى خَمْسٍ وَعِشْرِينَ فَفِيهَا بِنْتُ مَخَاضٍ إِلَى خَمْسٍ وَعَشْرِينَ فَفِيهَا بِنْتُ مَخَاضٍ إِلَى خَمْسٍ وَتَلاثِينَ فَإِنْ لَمُ تَكُنْ بِنْتُ مَخَاضٍ فَابْنُ لَبُونٍ ذَكَرٌ فَإِذَا زَادَتْ فَفِيهَا بِنْتُ لَبُونٍ إِلَى خَمْسٍ وَأَرْبَعِينَ فَإِذَا زَادَتْ فَفِيهَا بِنْتُ لَبُونٍ إِلَى سِتِينَ فَإِذَا زَادَتْ فَفِيهَا جَذَعَةٌ إِلَى خَمْسٍ وَالْرَبُونِ إِلَى عَشْرِينَ فَإِذَا زَادَتْ فَفِيهَا جَذَعَةٌ إِلَى عَشْرِينَ وَمِلَا إِلَى عَشْرِينَ فَإِذَا زَادَتْ فَفِيهَا جِنْتُ لَبُونٍ إِلَى تِسْعِينَ فَإِذَا زَادَتْ فَفِيهَا حِقَّةٌ إِلَى عَشْرِينَ وَمِانَا إِلَى عَشْرِينَ وَمِانًا وَادَتْ فَفِيهَا حِقَّةً وَفِي كُلِّ أَرْبَعِينَ بَنْتُ لَبُونٍ وَمِا عُلْ وَلَا زَادَتْ فَفِيهَا فِي كُلِّ خَمْسِينَ حَقَّةٌ وَفِي كُلِّ أَرْبَعِينَ بِنْتُ لَبُونٍ إِلَى عَشْرِينَ وَمِا اللَّهُ لَوْنِ إِلَى عَشْرِينَ وَمِي كُلِّ أَرْبُعِينَ بِنْتُ لَبُونٍ إِلَى عَشْرِينَ عَلَا وَادَتْ فَفِيهَا فَقِيهَا فِي كُلِّ خَمْسِينَ وَفِي كُلِّ أَنْ أَنْ الْوَقَ الْوَالِ الْوَالِ فَيْسَ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ مَالْمِن إِلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ مَا اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ مِنْ اللَّهُ عَلَى اللَّهُ مَا اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ مِنْ اللَّهُ عَلَا

বাংলা

১৬৬৩. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, সাদাকা (যাকাত) প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম (একটি ফরমান বা অধ্যাদেশ) লিখালেন। তাঁর কর্মচারিদের নিকটে পাঠানোর আগেই তিনি মারা যান। তাঁর মৃত্যুর পর আবূ বাকার রাদ্বিয়াল্লাহু আনহু তা গ্রহণ করেন এবং তাঁর পরে তিনি তা কার্যকর করেন। এরপর যখন আবূ বাকার রাদ্বিয়াল্লাহু আনহুও মারা যান, তখন উমর রাদ্বিয়াল্লাহু আনহু তা গ্রহণ করেন ও তাঁদের উভয়ের পরে তিনি সে অনুযায়ী কাজ করেন। তারপর তিনি নিহত হন। আর তিনি এটা নিজের তরবারি কিংবা ওয়াসীয়াতের সাথে রেখেছিলেন। তাতে উটের সাদাকা (যাকাত)-এর ব্যাপারে(লেখা) ছিল উটের সংখ্যা পাঁচিশ হওয়া পর্যন্ত প্রতি পাঁচটি উটের জন্য একটি বকরী। উটের সংখ্যা পাঁচিশে পোঁছলে তা হতে প্রত্রিশ পর্যন্ত উটের জন্য একটি 'বিনতু মাখায' (পূর্ণ এক বছর বয়স্ক মাদী উট); 'বিনতু মাখায' না পাওয়া গেলে একটি নর



'ইবনু লাবুন' (একটি পূর্ণ দুই বছরের নর উট); এর বেশি হলে পঁয়তাল্লিশ পর্যন্ত (ছত্রিশ হতে পঁয়তাল্লিশ পর্যন্ত) উটের জন্য একটি 'বিনতু লাবূন' (একটি পূর্ণ দুই বছরের মাদী উট); এর বেশি হলে ষাট পর্যন্ত (ছেচল্লিশ হতে ষাট পর্যন্ত) উটের জন্য একটি হিক্কাহ (একটি পূর্ণ তিন বছরের মাদী উট); আবার এর বেশি হলে পঁচাত্তর পর্যন্ত (একষট্টি হতে পঁচাত্তর পর্যন্ত) উটের জন্য একটি 'জাযাআহ' (একটি চার বছরের মাদী উট); আরো বেশি হলে নব্বই পর্যন্ত (ছিয়াত্তর হতে নব্বই পর্যন্ত) উটের জন্য দু'টি 'বিনতু লাবূন'; আরো বেশি হলে একশত বিশ পর্যন্ত (একানব্বই হতে একশত বিশ) উটের জন্য দু'টি 'হিক্কাহ' এবং যখন একশত বিশের বেশি হবে তখন প্রতি পঞ্চাশ উটের জন্য একটি 'হিক্কাহ' এবং প্রতি চল্লিশ উটের জন্য একটি 'বিনতু' লাবূন যাকাত আদায় করতে হবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সন্দ যয়ীফ। তবে শাহিদ হাদীসসমূহ থাকার কারণে হাদীসটি সহীহ।

তাখরীজ: এটি ১৬৬০ (অনুবাদে ১৬৫৬) নং এ গত হয়েছে। দেখুন, মুসনাদুল মাউসিলী নং ৫৪৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন